অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনী বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের রাস্তা (OCEAN PARKWAY COASTAL GREENWAY SHARED USE PATH)-এ 16.2 মিলিয়ন মার্কিন ডলার সংযোজনের ঘোষণা দিয়েছেন

জনপ্রিয় লং আইল্যান্ড উপকূলের পথটি দশ মাইল বাড়ানো হবে

পথ সাইকেল চালক এবং পথচারীদের সৈকত, পার্কে সংযুক্ত করবে

রেন্ডারিং পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নাসাও কাউন্টির অয়েস্টার বে টাউন, এবং সাফোক কাউন্টির ব্যাবিলন ও ইসলিপ টাউনের সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনী বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের রাস্তা (Ocean Parkway Coastal Greenway Shared Use Path)-র শেষ বিভাগটি নির্মাণের জন্য 16.2 মিলিয়ন মার্কিন ডলার প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার ঘোষণা দিয়েছেন। নতুন পথটি সাইকেল চালক, পথচারী, দৌড়বিদ এবং স্কেটারদের সুরক্ষা বৃদ্ধি করবে; সবুজ পরিবহনের অগ্রগতিতে সহায়তা করবে; এবং লং আইল্যান্ডের সৈকত এবং স্টেট পার্কগুলোর প্রাকৃতিক সৌন্দর্যে মানুষকে আকর্ষণ করবে।

"সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনী (Ocean Parkway Coastal Greenway) সাইকেল চালক, দৌড়বিদ এবং পথচারীদের বাইরে বের হবার নতুন সুযোগ করে দেবে এবং একই সাথে এই অঞ্চলে যে সকল আউটডোর বিনোদনমূলক ক্রিয়াকলাপ রয়েছে সেগুলো উপভোগে মানুষের জন্য একটি নতুন পথ খুলবে", **গভর্নর কুওমো বলেন।** "এই সংযোজনটি লং আইল্যান্ডে ঘোরার জন্য অধিবাসী এবং দর্শনার্থীদের একটি নিরাপদ, স্বাস্থ্যকর এবং পরিবেশগতভাবে সুরক্ষিত উপায়ের সন্ধান দিবে।"

"প্রবেশাধিকার বৃদ্ধি এবং পর্যটনকে উৎসাহিত করতে এই প্রকল্পটি লং আইল্যান্ড উপকূলীয় পথের বরাবর বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের জনপ্রিয় রাস্তাকে সম্প্রসারিত করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "10-মাইলের সম্প্রসারণটি নাসাও এবং সাফোক কাউন্টিতে রাস্তার শেষ অংশটি সম্পন্ন করবে, যা জনসাধারণের সুরক্ষা বৃদ্ধি করবে এবং এই অঞ্চলে বাইক চালানো, দৌড়ানো, হাঁটাচলা এবং অন্যান্য বিনোদনমূলক ক্রিয়াকলাপের প্রসার ঘটাবে। এই প্রচেষ্টা সক্রিয়, সবুজ পরিবহন, আরও দর্শনার্থীদের আকর্ষণ এবং অর্থনীতিকে শক্তিশালী করার আমাদের প্রতিশ্রুতিকে আরো শক্তিশালী করে।"

সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনী-র এই চূড়ান্ত পর্যায়টি সড়কের উত্তর দিকের বিদ্যমান রাস্তাটিকে টোবে সমুদ্রসৈকত-এ এটির বর্তমান শেষপ্রান্ত থেকে ক্যাপট্রি স্টেট পার্ক পর্যন্ত আরো অতিরিক্ত দশ মাইল প্রলম্বিত করবে।

প্রকল্পের অংশ হিসাবে তটরেখা ধরে লং আইল্যান্ডের প্রাকৃতিক কয়েকশো নতুন গাছ-গাছালি যেমন সৈকত ঘাস, চিরসবুজ বৃক্ষ, বেবেরি উদ্ভিদ এবং সৈকত প্লাম রোপণ করা হবে। পথ বরাবর আনুমানিক তিন মাইল পর পর ছাউনিযুক্ত বিশ্রাম নেয়ার স্থান স্থাপন করা হবে। লং আইল্যান্ডের সম্মুখ সৈকতের ইতিহাস এবং নতুন উদ্ভিদ ও স্থানীয় বন্যজীবনকে তুলে ধরে তথ্য প্যানেল বসানো হবে। চিহ্ন ব্যবহারকারীদের নির্দেশনা দেবে এবং নিকটস্থ পাবলিক স্থাপনাগুলোর জন্য দূরত্ব প্রদর্শন করবে।

বিকলাঙ্গতা থাকা আমেরিকানদের জন্য আইন (Americans with Disabilities Act)-এর এক্তিয়ারভুক্ত এই পথটি পূর্ববর্তী সেকশনগুলোতে ব্যবহৃত মসৃণ পিচের চলার পৃষ্ঠকে বিস্তৃত করবে এবং এতে স্ট্যান্ডার্ড লেন চিহ্ন এবং চিহ্নগুলি প্রদর্শিত হবে। পথচারীদের জন্য বিদ্যমান রাস্তাগুলোর উপরের সেতুগুলো সাইটের বাইরে ধাপে ধাপে পূর্বে তৈরিকৃত হবে, যা সাইটে বসে কম খরচে দ্রুত, অধিক দক্ষ নির্মাণ সম্ভব করবে। তারের তৈরি গাইডরেল সমুদ্র সড়ক থেকে সবুজবেষ্টনী-কে আলাদা করবে, যা গাড়ি চালক এবং পথ ব্যবহারকারীদের মধ্যে একটি নিরাপদ বেষ্টনী সরবরাহ করবে।

পথ বাঁকানোর মত ট্র্যাফিক প্রশমিত করার ব্যবস্থা, ড্রাইভওয়েতে সাইকেল চালকদের ধীর করবে এবং সাইনগুলো গাড়িচালক এবং পথ ব্যবহারকারীদের ট্র্যাফিক যাতায়াতের বিষয়ে সতর্ক করবে। গিলগো বিচ, সিডার বিচ মেরিনা, ক্যাপট্রি স্টেট পার্কে নতুন সাইকেল পার্কিং স্থান স্থাপন করা হবে।

পরিবহণ দপ্তর (Department of Transportation, DOT) 2017-এর অক্টোবরে এই প্রকল্পের বিষয়ে পার্ক, রিক্রিয়েশন এবং ঐতিহাসিক সংরক্ষণ কার্যালয় (Office of Parks, Recreation, and Historic Preservation, OPRHP)-এর সাথে যৌথ জনসভার আয়োজন করে, যেখানে এটি স্থানীয় বাইকিং ক্লাব ও নাগরিক গোষ্ঠীগুলির কাছ থেকে বিপুল সমর্থন পায়। এলাকার প্রাকৃতিক সৌন্দর্যের সংরক্ষণ নিশ্চিত করতে DOT ও Parks নিজেদের মধ্যে এবং স্থানীয় বেষ্টনী সৈকত সম্প্রদায়ের সাথে কাজ করে চলেছে। এএই পথটি সম্পূর্ণ ভাবে বিদ্যমান পার্কগুলোর চলাচলের-অধিকারের আওতার মধ্যে নির্মিত হবে এবং আবাসিক কমিউনিটিগুলোর সাথে আলাদা করা হবে, কোন সরাসরি প্রবেশাধিকার ব্যতীত।

বিপন্ন পাইপিং প্লোভারের আবাসস্থল রক্ষা করতে, বিদ্যমান গাছপালার উপর ক্ষতিকর প্রভাব কমাতে এবং ক্রমবর্ধমান জলের স্তরের কারণে হওয়া ক্ষয়ের বিরুদ্ধে সুরক্ষার জন্য নকশাকালীন সময়ে সতর্কতা অবলম্বন করা হয়েছিল। ক্রমবর্ধমান বন্যজীবনের নিরাপদ জায়গা হিসাবে নেস্টিং বাক্স স্থাপন করা হবে।

গ্রীষ্মে সৈকত দর্শনার্থীদের থাকার জন্য, শ্রম দিবসের সাপ্তাহিক ছুটির পরে গুরুত্বপূর্ণ নির্মাণ কাজ শুরু হয়েছিল। প্রকল্পটি 2021 সালের গ্রীষ্মে শেষ করার পরিকল্পনা রয়েছে।

সম্প্রসারিত সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনী লং আইল্যান্ডে গত এক দশক ধরে নির্মিত 20 মাইলের বেশি বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের রাস্তার ক্রমবর্ধমান নেটওয়ার্কের সাথে যুক্ত হবে।

বসন্তকালে, লেফটেন্যান্ট গভর্নর হোচুল জোন্স সৈকতে আরেকটি বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের রাস্তার উদ্বোধন করেন, বিখ্যাত জোন্স বিচ ব্রডওয়াক (Jones Beach Boardwalk) হয়ে বিদ্যমান সবুজবেষ্টনীর সাথে সংযোগ স্থাপনকারী ব্যারিয়ার আইল্যান্ডের পশ্চিম প্রান্তে একটি 4.5 মাইল সম্প্রসারণ। 2019-এর শেষ নাগাদ, 130 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রাণশক্তি এবং নিরাপত্তা বর্ধন প্রকল্পের অংশ হিসাবে হেম্পস্টেড, নাসাও কাউন্টি শহরে নাসাও এক্সপ্রেসওয়ে (স্টেট রুট 878) বরাবর একটি নতুন রাস্তার কাজ শেষ হবে।

পরিবহন দপ্তরের কমিশনার মারি থেরেস ডমিংগেজ বলেন, "সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনীর সম্প্রসারণ আরো সাইকেল আরোহী, পথচারী এবং দৌড়বিদকে বাইরে বের হতে এবং লং আইল্যান্ডের সৈকত এবং পার্কগুলো উপভোগ করতে উৎসাহিত করবে। স্টেটের অন্যতম বৃহৎ দুটো স্টেট পার্ককে সংযুক্ত করার মাধ্যমে, এটি বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের পথগুলোর ক্রমবর্ধমান নেটওয়ার্কে একটি গুরুত্বপূর্ণ সংযুক্তি সরবরাহ করবে যা ড্রাইভিংয়ের বিপক্ষে পরিবেশবান্ধব বিকল্প প্রস্তাব করে।"

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "লং আইল্যান্ডে আমাদের সৈকত এবং স্টেট পার্কগুলোতে ঘুরতে আসা মানুষের মাঝে বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের পথগুলোর চির-বিস্তৃতিশীল নেটওয়ার্ক ব্যাপক জনপ্রিয়তা লাভ করেছে। সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনী বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের রাস্তার এই সর্বশেষ সম্প্রসারণের জন্য আমি পরিবহণ দপ্তরের কাছে কৃতজ্ঞ, মানুষজনকে যা আরও বেশি স্টেট পার্কের সাথে সংযুক্ত করবে।"

সেটর জন ব্রুকস বলেন, "আমরা বেশ কয়েক বছর ধরে এই ধারণাটি নিয়ে 'প্রচেষ্টা' চালিয়ে আসছি এবং আমি এটি বলতে পেরে গর্বিত যে অবশেষে কাঙ্ক্ষিত সময় উপস্থিত হয়েছে। এটি স্থানীয় আউটডোর উৎসাহীদের কাছে এতদিন যাবত প্রধান অবলম্বন হিসেবে থাকা বর্তমান পথটিতে সবচেয়ে স্বাগত সংযোজন হয়েছে। অনেক অধিবাসী এই সম্প্রসারণের প্রতি গভীর আগ্রহ প্রকাশ করেছেন এবং এই প্রকল্পের উদ্বোধন জোন্স বিচের আউটোডোর কার্যক্রমের বৃদ্ধিতে এবং লং আইল্যান্ডের সাইক্লিং কমিউনিটির ক্রমবর্ধমান আগ্রহকে সহায়তা করার আমাদের যে অঙ্গীকার তাকে জোরদার করে।"

সিনেটর ফিল বয়েল বলেন, "বহুল আকাঙ্ক্ষিত 'বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের পথ'-এর কাজের শুরু হওয়ায় আমি গভর্নর কুওমো, সুপারভাইজর শেফার, এবং নিউইয়র্ক স্টেটের পরিবহণ দপ্তরের অসাধারণ সব পেশাদারদের সাথে যুক্ত হতে পেরে গর্বিত। আমি ভবিষ্যতের ফিতা কেটে উদ্বোধনের প্রতীক্ষায় থাকলাম যা অগণিত নিউ ইয়র্কবাসীকে এই পথ এবং আমাদের ব্যারিয়ার সমুদ্রসৈকতের প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে সক্ষম করবে।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল লিপেট্রি বলেন, "আমি সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনী বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের রাস্তার চূড়ান্ত পর্যায়ে আসা দেখে আনন্দিত। সম্পন্ন হলে, এই 14.4 মাইল পথটি লং আইল্যান্ডবাসীকে আমাদের অনন্য উপকূলীয় সম্পদ উপভোগ এবং অন্বেষণ করার একটি নতুন সুযোগ দেবে। এই প্রকল্প জুড়ে প্রবেশাধিকার, নিরাপত্তা এবং গোপনীয়তা সম্পর্কে তাদের উদ্বেগ মোকাবেলায় ব্যারিয়ার সৈকতের বাড়ির মালিক এবং কমিউনিটির নেতাদের সঙ্গে কাজ করার জন্য আমি পরিবহণ দপ্তরকে ধন্যবাদ জানাতে চাই। একসাথে, আমরা নিশ্চিত করতে পারি যে, বহুমুখী উদ্দেশ্যে-ব্যবহারের পথটি সকলের দ্বারা সামনের দিনগুলোতে উপভোগ করা হবে!"

অ্যাসেম্বলি সদস্য অ্যান্ড্রু গারবারিনো বলেন, "এই প্রকল্পটিকে তার পরিসমাপ্তির কাছাকাছি যেতে দেখে দারুণ লাগছে। সম্পন্ন হওয়া উপকূলীয় সবুজবেষ্টনী স্থানীয় এবং পর্যটক উভয়ের জন্য লং আইল্যান্ডের উপকূলরেখা উপভোগ করার আরও বেশি সুযোগ সরবরাহ করবে। সমুদ্র সড়ক-এর প্রাকৃতিক সৌন্দর্য দেখার জন্য আরও বেশি লোকের নিরাপদ উপায় সরবরাহ করায় আমি গভর্নর এবং পরিবহন দপ্তরকে সাধুবাদ জানাই।"

নাসাউ কাউন্টি-এর এক্সিকিউটিভ লরা কুরান বলেন, "নাসাও কাউন্টিতে আমরা বাসিন্দাদের- বিশেষত পার্ক এবং সৈকতে - নিরাপদে বাইক চালানো, দৌড়ানো, হাঁটা বা স্কেট করতে সক্ষম করে এমন সুযোগকে স্বাগত জানাই। সমুদ্র পার্কসার্কাসের উপকূলীয় গ্রিনওয়ে-র প্রসার সম্পূর্ণ করার জন্য গভর্নর কুয়েমো-কে ধন্যবাদ, যা ব্যবহার করে এই এলাকার বাসিন্দাদের নির্বিঘ্নে উপভোগ করার আরেকটি বিকল্প হবে।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "এই সম্প্রসারণটি দক্ষিণ তীরের দৃশ্যাবলীর প্রসার ঘটাবে, ভিড় হ্রাস করবে এবং লং আইল্যান্ডবাসীদের জন্য স্বাস্থ্যকর এবং সক্রিয় জীবনযাত্রাকে অনুপ্রাণিত করবে। আমাদের বিনোদনমূলক সম্পদগুলোকে উন্নত করা, তাদের নিরাপদ এবং সবাইকে উপভোগের উদ্দেশ্যে আরও প্রবেশযোগ্য করে তুলতে তার দেয়া প্রতিশ্রুতির জন্য, আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই।"

অয়েস্টার বে টাউনের সুপারভাইজার জোসেফ সালাদিনো বলেন, "সমুদ্র সড়ক বরাবর পথটি আমাদের বাসিন্দাদেরকে একটি দুর্দান্ত বিনোদনমূলক অভিজ্ঞতা, এবং পাশাপাশি আমাদের রাজ্যের সর্বাধিক মনোরম অঞ্চলগুলিতে ভ্রমণ করার নিরাপদ, অনন্য উপায় সরবরাহ করে। এই রাস্তাটির সমাপ্তি লং আইল্যান্ডের এই সুন্দর মনোরমতা এবং সেই সাথে যারা আমাদের ছবির মত সুন্দর, দক্ষিণ তীরের সমুদ্রসৈকত পরিদর্শন করতে চাচ্ছেন তাদের প্রত্যেকের জন্য অভিজ্ঞতা আরও সমৃদ্ধ করতে সহায়তা করবে।"

ব্যাবিলন টাউন সুপারভাইজার রিচার্ড শ্যাফার বলেন, "টাউন বোর্ড এবং আমি লং আইল্যান্ডের দক্ষিণ তীরে নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত বিনিয়োগের জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই। সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনী বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের পথটি টাউন অফ ব্যাবিলন-এর

বাসিন্দাদেরকে ওভারলুক, সিডার এবং গিলগোতে আমাদের সুন্দর ব্যারিয়ার সৈকত সুবিধাগুলির মধ্যে ভ্রমণ করার জন্য নিরাপদ এবং মনোরম উপায় দিবে।"

ইসলিপ টাউন সুপারভাইজর অ্যানজি কারপেন্টার বলেন, "ইসলিপ টাউনের সুপারভাইজার হিসেবে, সমুদ্র সড়ক উপকূলীয় সবুজবেষ্টনী বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের পথের সম্প্রসারণে তার প্রচেষ্টার জন্য আমি গভর্নর কুওমো-কে ধন্যবাদ জানাতে চাই। আমাদের সরোবর ইত্যাদির সন্নিহিত শহরাঞ্চল আমাদের সর্বাধিক লালিত সম্পদগুলোর মধ্যে একটি এবং এই প্রকল্পটি আমাদের অধিবাসীদের জন্য এবং আমাদের সমুদ্রপথ নিয়ে তাদের যে আনন্দ তাতে যে উপকার বয়ে নিয়ে আসবে আমরা তার অপেক্ষায় রয়েছি।"

মোটরগাড়ি চালকদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যে তারা যেন লাল, সাদা, নীল, হলুদ বা সবুজ আলো প্রদর্শনকারী রাস্তার পাশের যানবাহন, যার মধ্যে ওয়ার্ক জোনে রক্ষণাবেক্ষণ ও নির্মাণকাজের যানবাহনও রয়েছে, এর দিকে এগিয়ে যাওয়ার সময় গতি কমিয়ে নিরাপদে পার হন। মুভ ওভার ল (Move Over Law) এবং হাইওয়ে নির্মাণ অঞ্চলগুলোয় শ্রমিক ও গাড়ি চালকদের নিরাপদ রাখতে আমরা কী করছি তা সম্পর্কে আরও জানতে, www.ny.gov/workzonesafety পরিদর্শন করুন।

মোটরগাড়ি চালকদের স্মরণ করিয়ে দেয়া হচ্ছে যে কর্মক্ষেত্রে গতিসীমা অতিক্রম করলে দ্বিগুণ জরিমানা গুণতে হবে। 2005 সালের ওয়ার্ক জোন সেফটি অ্যাক্ট (Work Zone Safety Act) অনুসারে কোনো ব্যক্তি যদি কর্মক্ষেত্রে দুই বা তার বেশি বার গতিসীমা অতিক্রম করে তাহলে ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হতে পারে।

হালনাগাদকৃত ভ্রমণের তথ্যের জন্য কল করুন 511 নম্বরে, পরিদর্শন করুন www.511NY.org ওয়েবসাইট, অথবা ডাউনলোড করুন ফ্রি 511NY অ্যাপ।

টুইটারে নিউ ইয়র্ক স্টেট DOT ফলো করুন: @NYSDOT এবং @NYSDOTLI। ফেসবুকে আমাদের খুঁজে পান এখানে facebook.com/NYSDOT।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন